# অ্যালেক্সা র‍্যাঙ্কিং ও এর কার্যকারিতা

হাসান মাহমুদ

অ্যালেক্সা ইন্টারনেট (Alexa Internet, Inc.) সাইটটি ক্যালিফোর্নিয়ার আমাজন সাইটের একটি সহযোগী সাইট, যা আমরা সাধারণত অ্যালেক্সাডটকম নামে চিনি। এই ওয়েবসাইট থেকে বিভিন্ন ওয়েবসাইট সম্পর্কে তথ্য পাওয়া যায়। এই ওয়েব ইনফরমেশন কোম্পানি থেকে আরো জানা যায় ওয়েব ট্রাফিক সম্পর্কিত রিপোর্ট। সাইটটি ১৯৯৬ সালে চালু হয় এবং এর মালিক ব্রুস জিলাট।

অ্যালেক্সা থেকে একটি ওয়েবসাইট সম্পর্কে বেশ কিছু তথ্য যেমন– ওয়েবসাইটের মালিক, হোস্টিং দেশ ইত্যাদি তথ্য ছাড়াও ওয়েবসাইটের ট্রাফিক সম্পর্কে ধারণা পাবেন। এছাড়া বিশ্বের ওয়েবসাইটগুলোর মধ্যে কোন ওয়েবসাইটের র‍্যাঙ্কিং কত তা জানতে পারবেন। এসইও'র কাজে অ্যালেক্সা বহুল ব্যবহার হয়ে থাকে। ওয়েব বিশেষজ্ঞদের মতে, অ্যালেক্সা র‍্যাঙ্কিংয়ে যদি কোনো সাইট প্রথম ১ লাখের মধ্যে না থাকে, তাহলে যে রিপোর্ট দেখায়, তা প্রকৃতপক্ষে ভুল। অ্যালেক্সা র‍্যাঙ্কিং যদিও বিশ্বনন্দিত, কিন্তু যারা অ্যালেক্সা টুলবার ব্যবহার করেন, শুধু তাদের ভিজিটই অ্যালেক্সা গোনে, তাই অ্যালেক্সার তথ্য ১০০ ভাগ নিরপেক্ষ নয়। এসইও-তে সাধারণভাবে অ্যালেক্সার তেমন চাহিদা না থাকলেও ক্ষেত্রবিশেষ অ্যালেক্সা অনেক গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে। উদাহরণস্বরূপ আপনার যদি কোনো ওয়েবসাইট থাকে এবং আপনি তা বিক্রি করতে চান, তখন বায়ার বা ক্রেতা বেশ কিছু বিষয়ের ওপর নির্ভর করে আপনার সাইটকে পর্যালোচনা করবে এবং দাম নির্ধারণ করবে। এক্ষেত্রে অ্যালেক্সা র‍্যাঙ্ক থাকলে আপনার ভালো দাম পাওয়ার সম্ভাবনা থাকে। কারণ, ক্রেতার মনে হয় যে সাইটটি মানসম্মত এবং এতে ভালো ভিজিটর আছে, যার কারণে আপনার সাইটে বিভিন্ন বিজ্ঞাপন কোম্পানি বিজ্ঞাপন দিতে এলে তখন অ্যালেক্সা র‍্যাঙ্কের কারণে এরা বিজ্ঞাপন আপনার সাইটে দেয়ার জন্য আকৃষ্ট হবে।

## অ্যালেক্সা র‍্যাঙ্কিং কিভাবে যাচাই করা যায়

অ্যালেক্সা র‍্যাঙ্কিং প্রধাণত নির্ভর করে তাদের অ্যালেক্সা টুলবার, উইজেটসমূহ, সাইট ক্লেমিং ইত্যাদি বিষয়ের ওপর। যেমন অ্যালেক্সা র‍্যাঙ্কিংয়ের ক্ষেত্রে অ্যালেক্সা তাদের টুলবার থেকে ডাটা নেয়। একটি গুরুত্বপূর্ণ বিষয় ভৌগোলিক তথ্য। অর্থাৎ আপনার সাইটে কোন দেশ থেকে সবচেয়ে বেশি ভিজিটর আসছে, কোন দেশে আপনার ওয়েবসাইটটি সবচেয়ে জনপ্রিয়। অ্যালেক্সা থেকে বর্তমানে সবচেয়ে হট টপিক সম্পর্কে জানতে What's Hot নামে মেনুটি ব্যবহার করতে পারেন। বর্তমানে কোন ওয়েবসাইটটি শীর্ষে অবস্থান করছে তা দেখতে পারেন শুধু নিউমেরিক্যালি না ক্যাটাগরি, অর্থাৎ বিভাগভিত্তিকভাবে না দেশভিত্তিকভাবে। অ্যালেক্সাতে একটি সাইট সম্পর্কে রিভিউ দেয়া যায় যেখান থেকে সাইটটি সম্পর্কে ভিজিটরদের রিভিউ জানতে পারবেন। তাই এসইও অ্যালেক্সা র‍্যাঙ্কের খুব বড় কোনো ভূমিকা নেই। তবে এর অর্থনৈতিক ভূমিকার জন্য একে অবহেলা না করাই উচিত।

অ্যালেক্সা ডটকমে ভিজিট করে সার্চ বক্স দেখতে পারবেন। সেখানে আপনার পছন্দের ওয়েবসাইটটির নাম লিখে সার্চ দিলে অ্যালেক্সা সেই ওয়েবসাইটটির বিষয়ে বিস্তারিত তথ্য তুলে ধরেছে। অ্যালেক্সা তার সাধারণ ভিজিটরদের জন্য ট্রাফিক, অনুসন্ধান, শ্রোতা, যোগাযোগ, রিভিউ সম্পর্কিত লিঙ্ক এবং ক্লিক স্ট্রিম সম্পর্কিত তথ্য দিয়ে থাকে। তবে অ্যালেক্সা সাধারণত পুরনো ওয়েবসাইটের ওপরে কাজ করে। নতুন নিবন্ধিত ওয়েবসাইট অ্যালেক্সাতে যুক্ত হতে কিছু সময় নেয়। তবে অনেকেই নিবন্ধন করে অ্যালেক্সাতে তাড়াতাড়ি তালিকায় চলে আসে।



## পেজ র‍্যাঙ্ক

যার মাধ্যমে গুগল কোনো একটি ওয়েবসাইটের প্রতিটি পেজের গুরুত্ব পরিমাপ করে থাকে তা-ই হচ্ছে পেজ র‍্যাঙ্ক। গুগল সার্চ ইঞ্জিনে আমরা যখন সার্চ করি, তখন সেখানে যে সার্চ রেজাল্ট দেখতে পাই তার অনেকটাও এই পেজ র‍্যাঙ্কের ওপর এবং কিছু অন্যান্য বিষয়ের ওপর নির্ভর করে। পেজ র‍্যাঙ্কের উদ্ভাবন করেন গুগলের জনক ল্যারি পেজ এবং সারজে ব্রিন। এই পেজ র‍্যাঙ্ক বেশ কিছু বিষয়ের ওপর নির্ভর করে থাকে যার মধ্যে ব্যাকলিঙ্ক, কিওয়ার্ড ডেনসিটি এমনি কিছু অন্য বিষয়ের ওপর। গুগল ধরে নেয়, যখন একটি সাইট অপর একটি সাইটের লিঙ্ক নিজের মধ্যে স্থাপন করে তখন সেটি প্রকৃতপক্ষে অপর সাইটিকে একটি ভোট দিল। তাই আপনার সাইটের জন্য যত বেশি ভোট থাকবে তত বেশি এর গুরুত্ব গুগলের কাছে বাড়বে। এছাড়া গুগল অন্যান্য যেসব সাইট আপনার সাইটটিকে লিঙ্ক করে, তাদের নিজস্ব পাওয়া ভোটকেও গুরুত্ব দিয়ে থাকে। তাই অন্যান্য সাইট যেগুলো আপনার সাইটটিকে লিঙ্ক করেছে বা ভোট দিয়েছে তাদের নিজের পাওয়া ভোট যদি বেশি হয়, তবে গুগলের দৃষ্টিতে আপনার সাইটের গুরুত্ব ততই বাড়বে এবং আপনার পেজ র‍্যাঙ্কও বাড়বে।

## অ্যালেক্সা র‍্যাঙ্ক কি আসলেই গুরুত্বপূর্ণ?

উপরের আলোচনা থেকেই বোঝা যাচ্ছে, অ্যালেক্সা র‍্যাঙ্কের প্রয়োজনীয়তা। তবে আমরা গুগল পেজ র‍্যাঙ্ক নিয়ে যতটা মাতামাতি করি এবং এর উন্নয়নকল্পে কাজ করি ঠিক তেমনটি অ্যালেক্সা র‍্যাঙ্কের ক্ষেত্রেও করাটা জরুরি। কারণ আপনার সাইটের জন্য দুই ক্যাটাগরির র‍্যাঙ্ক অনেক গুরুত্ব রাখে। সাধারণত বিজ্ঞাপনদাতারা কোনো সাইটে বিজ্ঞাপন দেয়ার আগে সেই সাইটের মানকে অ্যালেক্সা র‍্যাঙ্কিংয়ের দিক থেকে ট্রাফিক ও আগত কিওয়ার্ড সম্বন্ধে বিবেচনা করে থাকে।

## অ্যালেক্সা কেনো ব্যবহার করবেন?

অ্যালেক্সা টুল ব্যবহারের অনেকগুলো গুরুত্বপূর্ণ কারণ রয়েছে। প্রথমত বিশ্বে প্রতারণার সবচেয়ে জনপ্রিয় মাধ্যম হচ্ছে ইন্টারনেট। তাই নির্ভরযোগ্য ও জনপ্রিয় সাইট যাচাইয়ের জন্য এই টুল অনেকটা সহায়ক হবে। যখন কোনো ওয়েবসাইটে আর্থিক লেনদেন করবেন বা অনলাইনে কাজ করবেন, তখন এই টুলের মাধ্যমে আপনি সাইটের অবস্থান, জনপ্রিয়তা রিভিউ ইত্যাদি জানতে পারবেন, যা আপনার জন্য সহায়ক হবে।

## আপনার ব্লগটি কিভাবে অ্যালেক্সাতে তালিকাভুক্ত করবেন?

অ্যালেক্সায় আপনার ব্লগ তালিকাভুক্ত করতে কোনো অর্থ খরচ করতে হবে না। প্রথমে সাইটের উপরে লক্ষ করলে রেজিস্টার নামের একটি লিঙ্ক দেখতে পাবেন, সেখানে ক্লিক করুন, অতঃপর আপনার এবং আপনার ব্লগের তথ্য দেয়ার মাধ্যমে ব্লগকে ক্লেইম করুন। তারপর ভেরিফিকেশন কোডের মাধ্যমে আপনার ব্লগকে ভেরিফাইড করুন। এখন কিছুদিন অপেক্ষার পর লক্ষ করবেন আপনার সাইট তাদের তালিকায় যুক্ত হয়েছে। অ্যালেক্সায় একটি জনপ্রিয় গ্রাফ অপশন রয়েছে, যার মাধ্যমে আপনার সাইটের অবস্থান গ্রাফের মাধ্যমে দেখতে পাবেন, তবে এর জন্য আপনার ব্লগকে প্রথম ১ লাখ সাইটের মধ্যে রাখতে হবে।

## অ্যালেক্সা র‍্যাঙ্কিং কমানোর পদ্ধতিগুলো দেখে নিন

অ্যালেক্সা র‍্যাঙ্কিংয়ে ভালো অবস্থান পাওয়ার জন্য বেশ কিছু পদ্ধতি রয়েছে। যদি পদ্ধতিগুলো ব্যবহার করেন তবে সহজেই অল্প ট্রাফিক নিয়েও তুলনামূলকভাবে অন্য সাইটের র‍্যাঙ্কিংয়ের দিক থেকে অনেক এগিয়ে যাবেন।

সবচেয়ে বেশি প্রয়োজনীয় হলো ট্রাফিক। আপনার ব্লগকে নিয়মিত এসইও করুন এবং বিশ্বব্যাপী জনপ্রিয় করে তোলার চেষ্টা করুন।

০১. অ্যালেক্সাতে আপনার ব্লগ/সাইটটি Claim করুন এবং সাইটের ডেসক্রিপশন ও কন্টাক্ট ইনফো আপডেট করুন :

প্রথমেই অ্যালেক্সাতে ব্লগ/সাইটটির URL সাবমিট করার মাধ্যমে http://www.alexa.com/siteowners/claim এই লিঙ্কে ক্লিক করে ক্লেইম করুন। এখানে আপনাকে আপনার ব্লগ/সাইটটি ভেরিফিকেশন করতে হবে। ভেরিফিকেশন কোড সাইটে বসিয়ে ▸

অথবা ফাইল ডাউনলোড করে সাইটে আপলোডের মাধ্যমে ভেরিফাই করতে হবে। এরপর দ্বিতীয় স্টেপে এসে আপনার সাইটের যাবতীয় ডাটা (সাইটের টাইটেল, ডেসক্রিপশন, লোগো, লিসিনিং কান্ট্রি, সাইট ওনার ইত্যাদি) এবং কন্টাক্ট ইনফো আপডেট করে দিন।

০২. অ্যালেক্সার Widgetsগুলো সাইটে ব্যবহার করুন :

এ পর্যায়ে অ্যালেক্সার সাইট ইনফো Widgetsগুলো ব্যবহার করুন। এটি ভালো র‌্যাঙ্ক পেতে প্রত্যক্ষ ও পরোক্ষভাবে সাহায্য করবে। তাই সাইটের ডাটা সংবলিত Traffic widget (http://www.alexa.com/siteowners/widgets) আর Review Widgets (alexa.com/siteowners/review) দু'টি বসিয়ে দিন।

০৩. অ্যালেক্সা টুলবারটি আপনার ব্রাউজারে ইনস্টল করে নিন :

ওয়েবমাস্টারের কাজ যারা করে তাদেরকে অ্যালেক্সা নিয়ে মোটামুটি বেশ ভাবতে হয়। দ্রুত সাইটের র‌্যাঙ্ক বাড়াতে অনেক কার্যকর ভূমিকা পালন করে অ্যালেক্সার টুলবারটি। http://www.alexa.com/toolbar/policy এই লিঙ্ক থেকে অ্যালেক্সা টুলবারটি ডাউনলোড করে ব্রাউজারে ইনস্টল করে ব্রাউজারটি রিস্টার্ট দিলে অ্যালেক্সা টুলবারটি চলে আসবে।

০৪. মতামতসহ অ্যালেক্সাতে বেশ কিছু রিভিউ দেয়ার ব্যবস্থা করুন :

অ্যালেক্সার র‌্যাঙ্ক কমিয়ে আনতে রিভিউ অনেক বড় একটা ফ্যাক্টর বলে অনেকেই মনে করেন। তাই সাইট সম্পর্কে মানুষ যেনো রিভিউ দেয় সেই ব্যবস্থা করতে হবে। আপনার সাইটের রিভিউ দিতে পরিচিত বন্ধু-বান্ধব এবং সাইটের ভিজিটরদেরও উদ্বুদ্ধ করতে পারেন। অ্যালেক্সা সাইটের রিভিউ দেয়ার জন্য অ্যালেক্সাতে অ্যাকাউন্ট থাকতে হবে। সরাসরি না থাকলেও কোনো সমস্যা নেই। আপনি আপনার ফেসবুক অ্যাকাউন্ট দিয়েই লগইন করতে পারবেন।

## কিছু কার্যকর টিপ

ক. নিয়মিত পোস্টিং করুন। এটা আসলেই অনেক কাজ দেয়। আর ঠিকমতো ব্লগ/সাইটের সিইও করুন। কারণ, ভালো ট্রাফিক অ্যালেক্সা র‌্যাঙ্কিংয়ে বহুলাংশে প্রভাব ফেলে।

খ. পোস্টের মাঝে ইন্টারনাল লিঙ্কিং করলে পেজ ভিউ বাড়বে আর বাউনস রেট কমবে, যা দ্রুত অ্যালেক্সা র‌্যাঙ্ক কমতে সহায়ক হবে। কেননা, অ্যালেক্সা র‌্যাঙ্ক কমানোর ক্ষেত্রে পেজ ভিউ এবং বাউনস রেটকে প্রাধান্য দিয়ে থাকে।

গ. মাঝে মাঝে অ্যালেক্সাতে আপনার সাইটের অবস্থান নিয়ে রিভিউ লিখুন। এ রকম পোস্ট থাকলে তা অনেক কাজে দেয়। পাশাপাশি অ্যালেক্সা টুলবার নিয়ে লিখুন এবং ব্যবহার করতে পরামর্শ দিন। এতে আপনার ভিজিটরেরা উদ্বুদ্ধ হয়ে অ্যালেক্সা টুলবার ব্রাউজারে ইনস্টল করে নেবে।

ঘ. ওয়েবমাস্টার সংক্রান্ত সাইটের অ্যালেক্সা দ্রুত বাড়ে। কারণ, ওদের প্রায় সবারই অ্যালেক্সা টুলবার ব্রাউজারে ইনস্টল করা থাকে। আর ওয়েবমাস্টার সংক্রান্ত না হলেও অভিজ্ঞতা শেয়ারের ছলে Other's একটা ক্যাটাগরিতে মাঝে মাঝে ওয়েবমাস্টার সংক্রান্ত পোস্ট করতে পারেন।

ঙ. আরেকটা কার্যকরি টিপ হলে বেশি বেশি নিজের সাইট ভিজিট করুন এবং ট্যাবে ওপেন করে রাখুন। এতে Average site time বাড়তে থাকবে, আর সময় পেলেই রিফ্রেস/রিলোড দিন।

অ্যালেক্সা র‌্যাঙ্কিং অবশ্যই একটি সাইটের জন্য গুরুত্বপূর্ণ। অ্যালেক্সা আমাজন ডটকমের একটি প্রতিষ্ঠান। আমরা সাধারণত কোনো সাইটের জনপ্রিয়তা যাচাইয়ের জন্য প্রথমে অ্যালেক্সা র‌্যাঙ্কিং ব্যবহার করে থাকি। সাধারণত বিজ্ঞাপনদাতারা কোনো সাইটে বিজ্ঞাপন দেয়ার আগে সেই সাইটের মানকে অ্যালেক্সা র‌্যাঙ্কিংয়ের দিক থেকে ট্রাফিক ও আগত কিওয়ার্ড সম্বন্ধে বিবেচনা করে থাকে। কোনো সাইটের ট্রাফিক ও বৈশিষ্ট্যগত দিকের ওপর নির্ভর করে সাধারণত অ্যালেক্সা র‌্যাঙ্কিং হয়। সব ব্লগার বা ওয়েবমাস্টার চান যেনো তার ব্লগ/সাইটের অ্যালেক্সা র‌্যাঙ্কিংটা দ্রুত কমিয়ে আনতে। একটি সাইটের অ্যালেক্সা র‌্যাঙ্কিং যত কম সংখ্যক সে সাইটটি তত বেশি জনপ্রিয় বলে বিবেচনা করা হয় কজ

***ফিডব্যাক : faisalb01@gmail.com***


# ইঞ্জিনিয়ারিং ষ্টাফ কলেজ, বাংলাদেশ

আইইবি সদর দফতর, রমনা, ঢাকা - ১০০০

Fax: 88-02-7113311, E-mail: escb@dhaka.net; Web: www.esc-bd.org

## COMPUTER EDUCATION PROGRAMME 2013

> Seat per Batch: 20 > Admission going on

Get the world class IT Program

| Course Name | Starting Date | Course Fee |
|---|---|---|
| Computer Fundamentals, Windows XP & MS Office XP | 25/04/13 | Tk. 5,000/- |
| Computer Fundamentals, Windows XP & MS Office XP (Evening) | 24/04/13 | Tk. 5,000/- |
| Hardware Maintenance & Network Essentials (Module-I) | 17/02/13 | Tk. 6,500/- |
| Networking with Windows 2003 Server (Module-II) | 11/03/13 | Tk. 8,000/- |
| Redhat Certification & Professional ISP System Administrator, (RHEL-5) (Module-III) | 15/02/13 | Tk. 10,000/- |
| Certificate in LAN & WAN Administrating with Windows 2003 Server (Module-I&II) | 17/02/13 | Tk. 14,000/- |
| Certificate in LAN & WAN Administrating & ISP Setup with Linux(Module-I&III) | 17/02/13 | Tk. 16,000/- |
| IEB Certified LAN & WAN Administrator (Module-I,II,III) | 17/02/13 | Tk. 22,000/- |
| AutoCAD (2D) | 24/04/13 | Tk. 5,000/- |
| RDBMS Programming with Oracle 10g & Developer. 10g | 10/05/13 | Tk. 8,000/- |
| Geographic Information System (GIS) | 30/03/13 | Tk. 7,000/- |
| AutoCAD (3D) | 10/02/13 | Tk. 3,000/- |
| Web Programming PHP & Apache/III Windows/Linux (Module-B) | 16/04/13 | Tk. 10,000/- |
| Developing Management Information System (MIS) in PHP/MYSQL (Module-A,B,C) | 27/06/13 | Tk. 22,000/- |

Contact Office Hours: 02:00P.M. – 09:00 P.M.
(Except Friday & Other Govt. or National Holidays)

Ph: 9560100, 9555122
Mob: 01911391407, 01712-139662